

২০২২

বাংলা - সাধারণ

পত্র : GE/CC-4

(বাংলা কথাসাহিত্য ও প্রবন্ধ)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “উপন্যাসের নাম ‘পল্লীসমাজ’ হলেও রমা-রমেশের হৃদয়গত জটিলতার বর্ণনাই প্রধান হয়ে উঠেছে।” — আলোচনা করো। ১০

অথবা,

- (খ) ‘পল্লীসমাজ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

- ২। (ক) ক্ষেত্রি ‘পুইমাচা’ গল্পের কেন্দ্রীয় চরিত্র।—মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

অথবা,

- (খ) ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পে যুগযুদ্ধগার যে চিত্র ফুটে উঠেছে তার স্বরূপ আলোচনা করো। ১০

- ৩। (ক) “কেকারব বর্ষা ঋতুর নিখাদ সুব, তাহার আঘাত বিরহ বেদনার ঠিক উপরে গিয়াই পড়ে।” — ‘কেকাধ্বনি’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) আধুনিক যুগের মনীষীরা কীভাবে ক্রমাগত পশ্চিমের সঙ্গে পূর্বকে মিলিয়ে নেওয়ার মহৎ প্রয়াস করে গেছেন তা ‘পূর্ব ও পশ্চিম’ প্রবন্ধটি অনুসরণে বুঝিয়ে দাও। ১০

- ৪। (ক) “জ্যাঠাইমার চোখ দিয়া জল ঝরিয়া পড়িতেছিল।” — জ্যাঠাইমা কে? তার চোখ দিয়ে জল ঝরে পড়ার কারণ কী? ১+৪

অথবা,

- (খ) “সে দিনকাল আর নেই বড়োবাবু, সে দিনকাল আর নেই” — প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

- ৫। (ক) “ব্রজরাণী স্তম্ভিত হইয়া খুঁজিতেছিল, কোথায় সেই দৃষ্ট দান্তিক বলশালী যুবা।” — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (খ) “তেমন স্যাকরার হাতে পড়লে সোনাও লোহা হয়ে যায় দিদি।” — বক্তা কে? ‘দিদি’ কে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য লেখো। ৫

Please Turn Over

৬। (ক) “তাহাদের এবং আমাদের মধ্যে যেন সংযোগ থাকা উচিত ছিল।” — ‘তারা’ এবং ‘আমরা’ কারা? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? ৫

অথবা,

(খ) “...ছড়ির বাঁধনের ঐক্যকে মানুষ সহিতে পারে না, বিদ্রোহী হয়” — ‘শিক্ষার মিলন’ প্রবন্ধ অবলম্বনে উদ্ধৃতিটি বিচার করো। ৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) দীনু ভট্টাচার্য

(খ) ময়নার মা

(গ) ইংরেজ জাতির ‘শ্রেষ্ঠত্ব’।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ‘পল্লীসমাজ’ উপন্যাসটি যে গ্রামকে ঘিরে রচিত তার নাম কী?

(খ) “দীর্ঘজীবী হও — বাপের মত হও”।—কে, কাকে একথা বলেছে?

(গ) রমেশ কোন গ্রামে স্কুল তৈরি করার উদ্যোগ নিয়েছিল?

(ঘ) কতদিন ধরে ব্রজরাণী অশৌচ পালন করেছেন?

(ঙ) ‘হারানের নাটজামাই’ গল্পটির প্রকাশকাল কত?

(চ) মতিলালের জীবনের একমাত্র বড়ো আশা কী ছিল?

(ছ) অন্নপূর্ণা চুপিচুপি কী রান্না করল?

(জ) গাভোয়ানকে ডেকে কাঞ্চন কোথায় যাবে বলেছিল?

(ঝ) ‘ছিন্নমস্তা’ গল্পটি প্রথম মুদ্রিত হয় কত সালে?

(ঞ) প্রাচীন ভারতবর্ষের উপবনে কীসের বেড়া ছিল?

(ট) ‘কেকাধ্বনি’ প্রবন্ধে কোন কোন প্রাচীন সাহিত্যিকের উল্লেখ আছে?

(ঠ) কারা ভারতবর্ষের ইতিহাসে একটি প্রধান স্থান অধিকার করে আছে?

(ড) রবীন্দ্রনাথের মতে পৃথিবীকে কামধেনুর মতো দহন করছে কারা?

(ঢ) “গলায় গাছ-কতক সুতো ঝোলানো থাকলেই বামুন হয় না।”—কথাটি কে কাকে বলেছে?

(ণ) ‘মেঘদূত’ প্রবন্ধে উল্লিখিত একটি নদীর নাম লেখো।